

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৮০

পর্ব-৩০: মান-মর্যাদা (২০০১)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কুরায়শ ও অন্যান্য গোত্রসমূহের গুণাবলি

الفصل الاول (بَابُ مَنَاقِبِ قُرَيْشٍ وَذِكْرِ الْقَبَائِلِ)

আরবী

وَعَنْ جَابِرٌ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «النَّاسُ تَبَعٌ لِقُرَيْشٍ فِي الْخَيْرِ وَالشَّر». رَوَاهُ مُسلم

رواه مسلم (3 / 1819)، (4703) ۔ (صَحِیح)

বাংলা

৫৯৮০-[২] জাবির (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: লোকজন ভালো এবং মন্দে (উভয় অবস্থায়) কুরায়শদের অনুসারী। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ৩-(১৮১৯), মুসনাদ আহমাদ ১৪৫৮৫, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ৫৭০৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: লোকজন ভালো ও মন্দে কুরায়শদের অনুসারী অর্থাৎ ইসলামে ও কুফরীতে। যারা ইসলাম গ্রহণ করেছে তারা কুরায়শ মুসলিমদের অনুসারী। আর যারা ঈমান আনেনি বরং কুফরী অবস্থায় থেকে গেছে তারা কুরায়শ কাফিরদের কুফরীর অনুগামী হয়েছে। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন